



রেজিস্টার্ডকৃত ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিল
শেরেবাংলা নগর, ঢাকা।
www.ssrc.portal.gov.bd

নম্বর: ২০.০০.০০০০.৩০৯.০২.০৫৫.১৯ - ৬৪

তারিখঃ ১৩ জানুয়ারি, ২০২১ খ্রি:
২৯ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ

জনাব মোঃ আমিনুল ইসলাম
সোশ্যালজিস্ট
কক্ষ নং-৪২৮, বন ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

বিষয়ঃ এমফিল গবেষণার বিপরীতে আর্থিক মঞ্জুরি প্রদান ও চুক্তি স্বাক্ষর।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, আপনার আবেদনকৃত " Assessing the role of Social Capital for Community/Local People's Development: A sociological study in Bangladesh." -শীর্ষক এমফিল গবেষণা প্রস্তাবনাটি যথোপযুক্ত কমিটি কর্তৃক বিবেচিত হওয়ার পর পরিকল্পনা বিভাগের সোশ্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিলের পক্ষ হতে আপনাকে এমফিল ক্যাটাগরীতে গবেষণা মঞ্জুরি হিসেবে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ গবেষণার মেয়াদকাল কার্যকর হবে চুক্তি স্বাক্ষরের তারিখ হতে ২৪ (চব্বিশ) মাস।

০২। চুক্তির নিয়মাবলী:

- সকল ক্যাটাগরির গবেষণা সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭ অনুযায়ী পরিচালিত হবে। সামাজিকবিজ্ঞান গবেষণা নীতিমালা এবং কর্মকৌশল-২০১৭ (www.plandiv.gov.bd এবং ssrc.portal.gov.bd) হতে ডাউনলোড করা যাবে।
- গবেষণা কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে সকল ক্যাটাগরির গবেষণা পরিচালনায় প্রাথমিক তথ্য সংগ্রহে প্রশ্নপত্রের উপর উত্তরদাতার নাম, ঠিকানা স্পষ্ট এবং প্রতিটি প্রশ্নপত্রে উত্তরদাতার টেলিফোন/মোবাইল নম্বর থাকতে হবে।

০৩। চুক্তি সম্পাদনের শর্তাবলি:

- গবেষণা মঞ্জুরি প্রাপ্তির জন্য অত্র পরিষদের সাথে একটি চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।
- সকল ক্যাটাগরির গবেষণার ক্ষেত্রে চুক্তিপত্র এবং জামানতনামায় স্বাক্ষর কার্যক্রম সম্পন্ন করার পর গবেষণা কার্যক্রম পরিচালনা করতে পারবেন।
- গবেষণা মেয়াদকাল গণনা করা হবে চুক্তি স্বাক্ষরের তারিখ হতে অত্র পরিষদ কর্তৃক অনুমোদিত সময়কাল পর্যন্ত।
- অনুমোদিত গবেষণা কাজের নির্দিষ্ট অগ্রগতি অর্জন সাপেক্ষে পরিষদের নীতিমালা-২০১৭ অনুযায়ী নির্দিষ্ট কিস্তিতে পরিশোধ করা হবে। গবেষণা মঞ্জুরির কোন কিস্তি অগ্রীম পরিশোধ করা হয় না।


অপর পৃষ্ঠা দৃষ্টব্য

- ঙ) এ গবেষণা মঞ্জুরির চুক্তিনামা সম্পাদন করতে গবেষক এবং জামানতকারীর জাতীয় পরিচয়পত্রের কপিসহ সশরীরে উপস্থিত থেকে চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।
- চ) গবেষণা চুক্তিনামা সম্পাদন করতে গবেষকের সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এমফিল গবেষণার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে ভর্তির রেজিস্ট্রেশন/এনরোলমেন্টের কপি জমা দিতে হবে।
- ছ) এ গবেষণা মঞ্জুরির সকল লেনদেন ক্রস চেক (Cross Check) এর মাধ্যমে সম্পাদন করা হবে।
- জ) নির্ধারিত সময়কালের মধ্যে গবেষক গবেষণার চুক্তিনামা সম্পাদন করতে ব্যর্থ হলে গবেষণা প্রস্তাবনার বিপরীতে অনুমোদিত গবেষণা মঞ্জুরি বাতিল বলে গণ্য হবে।
- ঝ) চলমান গবেষণার ক্ষেত্রে নতুন করে গবেষণা মঞ্জুরি পাওয়ার বিষয়টি বাতিল বলে গণ্য হবে।
- ঞ) চুক্তিনামার সাথে কর্মপরিকল্পনা (Action Plan) দাখিল করতে হবে। কর্ম পরিকল্পনা (Action Plan) অনুযায়ী কাঙ্ক্ষিত সময়ের মধ্যে গবেষণার কাজ সম্পন্ন করতে হবে।
- ট) প্রত্যেক গবেষক গবেষণা সংশ্লিষ্ট বিল-ভাউচার নির্দিষ্ট কতগুলো হেডে (১. গবেষকের সম্মানী, ২. তথ্য সংগ্রহকারীর পারিশ্রমিক ও অন্যান্য খরচ, ৩. প্রশ্ন প্রণয়ন ও ফটোকপি, ৪. যাতায়াত ভাতা, ৫. তথ্য বিশ্লেষণ, ৬. মুদ্রণ ও বাধীকরণ, ৭. বই/জার্নাল ফটোকপি/ক্রয় ৮. সরঞ্জামাদি ক্রয়, ৯. স্টেশনারী মালামাল ক্রয়, ১০. ল্যাবরেটরী ব্যয় ও অন্যান্য) বিল-ভাউচার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট জমাদান করতে হবে। বিল-ভাউচারের একটি টপসিট প্রণয়ন করতে হবে।
- ঠ) আলোচ্য গবেষণার জন্য অন্য কোন জায়গা হতে মঞ্জুরি গ্রহণ করেননি এ মর্মে প্রত্যয়ন পত্র চুক্তি স্বাক্ষরের সময় জমা দিতে হবে।

- ০৪। এমতাবস্থায়, আগামী ২৪ জানুয়ারি ২০২১ খ্রি: তারিখের মধ্যে পরিষদের সাথে চুক্তিপত্র স্বাক্ষর করার নিমিত্ত পরিষদের কার্যালয়ে (ব্লক#০৬, কক্ষ#২২) উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। চুক্তিপত্র (চুক্তিনামা ৩০০/-+জামানতনামা ৩০০/-) ৬০০/- (ছয়শত) টাকার স্ট্যাম্প এবং পরিশিষ্ট-ক (গবেষণা প্রস্তাবনা+বাজেটের টপসিট+কর্মপরিকল্পনা) কার্ট্রিজ পেপারে প্রিন্ট করে নিয়ে আসতে হবে। গবেষক এবং জামানতকারীর ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি নিয়ে আসতে হবে। এ বিষয়ে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

সংযুক্তিঃ চুক্তিনামা ও জামানতনামার নমুনা কপি।

আন্তরিকভাবে আপনায়



১৩/০১/২০২১

মোঃ লুৎফুর রহমান

গবেষণা কর্মকর্তা

ফোন-৯১৮০৭৯৭


নম্বর: ২০.০০.০০০০.৩০৯.০২.০৫৫.১৯ -৩৪/২ (৫)

তারিখঃ ১৩ জানুয়ারি, ২০২১ খ্রি:

২৯ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। অতিরিক্ত সচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০২। উপসচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, ঢাকা (পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। গবেষণা অনুসন্ধানী (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, ঢাকা (এসএসআরসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অফিস কপি।



১৩/০১/২০২১

মোঃ লুৎফুর রহমান

গবেষণা কর্মকর্তা